146

দৈনিক সংবাদ

তারিখ 18 JUN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

# চুয়াডাঙ্গায় ৩০ হাজার শিশু বিদ্যালয়ে যায় না

দর্শনা, ১৭ই জুন (নিজস্ব সংবাদ-দাতা)।- বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি দেশে চালুর পরও চুয়াডাঙ্গা জেলার ৪টি থানায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী প্রায় ৩০ হাজার শিশু বিদ্যালয়ে যায় না।

এক জরিপে জানা গেছে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা, জীবননগর, আলমডাঙ্গা এবং চুয়াডাঙ্গা সদর থানার বিদ্যালয়ে গমনোপযোগী ৬ থেকে ১০ বছরের শিশু সংখ্যা ১ লাখ ৪৬ হাজার ১৫২। এর মধ্যে ১ লাখ ১৫ হাজার ৬০৫টি শিশু প্রাথমিক শিক্ষা গ্রহণ করছে। বাকি ৩০ হাজার ৫৪৭টি শিশু প্রাথমিক শিক্ষা লাভ থেকে বঞ্চিত রয়েছে। এছাড়া বিদ্যালয়ের খাতা পত্রে যেসব শিশুর নাম আছে তার প্রায় ৩০% ছেলেমেয়ে প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিত যায় না।

বিদ্যালয়ে শিশুদের না পাঠানোর কারণ অনুসন্ধান করে জানা যায়, দারিদ্র্য তাই এর একমাত্র কারণ। প্রাথমিক শিক্ষা লাভে বঞ্চিত এই বিপুল সংখ্যক ছেলেমেয়ের বেশিরভাগই অভাবগ্রস্ত পরিবারের সন্তান। অধিকাংশ পরিবারই দারিদ্র্য সীমার নিচে বাস করছে। ছেলেমেয়েদের বিদ্যালয়ে পাঠানোর চেয়ে অন্যত্র কাজে লাগানোকে তারা অধিকতর লাভজনক মনে করে থাকে। জেলার দামুড়হুদা ও জীবননগর থানার সীমান্ত নিকটবর্তী গ্রাম এলাকার কোমল মনের শিশুরা অধিক লাভের আশায় বিদ্যালয়ে-না যেয়ে চোরাচালানির মত জঘন্যতম অপরাধের দিকে ঝুঁকে পড়েছে।